Gmail Ucaliptas <ucaliptas909@gmail.com>

কবিতা: নিস্তব্ধ নিশি

1 message

Mohammad Sheikh Zohurul Islam <mszi065045@gmail.com> Mon, Mar 17, 2025 at 6:23 AM
To: ucaliptas909@gmail.com

নিস্তব্ধ নিশি
তাফিফ বিন জামিল

নিস্তব্ধ নিশি! আঁধার গভীর!
ঝড়ের গর্জন স্তব্ধ!
নিহত কাঁপন, মৃত বিস্ময়
জেগে আছে শুধু হৃদয়ের নীরব শব্দ।

গগনের কোণে বিদ্যুৎ চমকে
মেঘের বুকে বিষাদ বাজে,
মৃত নগরে মৃত আঁখিরা
স্বপ্ন আজ নির্জনে সাজে।

পয়োধি তার দুই কর্ন মেলিয়া যায় শুনি
বুকে তার শুষ্ক পবন যায় বয়ে,
নগ্ন কায়া, ভগ্ন কুটির, ছিন্ন মশাল
রুক্ষ নিরাশার গ্লানি যায় ক্ষয়ে।

দূরে যেনো কার করুণ কণ্ঠ ভেসে আসে
কর্ণকুহরে অবিরত বাজে হাহাকার ধ্বনি,
ভ্রান্ত দিগন্তে, ক্লান্ত গগন পানে চেয়ে দেখি
উজ্জ্বল বিধুতেও নিভে গেছে ধুনি!

নিশি! ওগো রুক্ষ–নিস্তব্ধ করুণ নিশি!
কোথায় সে জাগ্রত রুদ্র তোর?
বিসর্জন দাও, ভাঙো এ গভীর নিস্তব্ধতা
এনে দাও এক তেজস্বী ভোর।

রচনাকাল: ০৩ চৈত্র ১৪৩১।